

স্বাক্ষর  
কেন্দ্র  
২০২১



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮  
৩০ জুন ২০২১

বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিম্নোক্ত শর্তাবলী সংযুক্ত করে ০১ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে ০৭ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত পর্যন্ত নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলো:


- ১.১ সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি অফিসসমূহ বন্ধ থাকবে;
- ১.২ সড়ক, রেল ও নৌ-পথে গণপরিবহন (অভ্যন্তরীণ বিমানসহ) ও সকল প্রকার যন্ত্রচালিত যানবাহন চলাচল বন্ধ থাকবে;
- ১.৩ শপিংমল/মার্কেটসহ সকল দোকানপাট বন্ধ থাকবে;
- ১.৪ সকল পর্যটন কেন্দ্র, রিসোর্ট, কমিউনিটি সেন্টার ও বিনোদন কেন্দ্র বন্ধ থাকবে;
- ১.৫ জনসমাবেশ হয় এ ধরনের সামাজিক (বিবাহোত্তর অনুষ্ঠান (ওয়ালিমা), জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি), রাজনৈতিক ও ধর্মীয় আচার-অনুষ্ঠান বন্ধ থাকবে;
- ১.৬ বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;
- ১.৭ ব্যাংকিং সেবা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;
- ১.৮ আইনশৃঙ্খলা এবং জরুরি পরিসেবা, যেমন-কৃষি পণ্য ও উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহণ, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, রাজস্ব আদায় সম্পর্কিত কার্যাবলি, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবা, ব্যাংক, ফার্মেসি ও ফার্মাসিটিক্যালসসহ অন্যান্য জরুরি/অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সংশ্লিষ্ট অফিসসমূহের কর্মচারী ও যানবাহন প্রাতিষ্ঠানিক পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে যাতায়াত করতে পারবে;
- ১.৯ পণ্য পরিবহনে নিয়োজিত ট্রাক/লরি/কান্ডার ড্যান/কার্গো ভেসেল এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;
- ১.১০ বন্দরসমূহ (বিমান, সমুদ্র, নৌ ও স্থল) এবং তৎসংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;
- ১.১১ শিল্প-কারখানাসমূহ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় চালু থাকবে;
- ১.১২ কীচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠন/বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;
- ১.১৩ অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সংস্কার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ১.১৪ টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;
- ১.১৫ খাবারের দোকান, হোটেল-রেস্তোরাঁ সকাল ০৮.০০টা থেকে রাত ০৮.০০টা পর্যন্ত খাবার বিক্রয় (Online/Take away) করতে পারবে;
- ১.১৬ আন্তর্জাতিক ফ্লাইট চালু থাকবে এবং বিদেশগামী যাত্রীরা তাদের আন্তর্জাতিক ভ্রমণের টিকেট প্রদর্শন করে গাড়ি ব্যবহারপূর্বক যাতায়াত করতে পারবে;
- ১.১৭ স্বাস্থ্যবিধি অনুসরণ করে মসজিদে নামাজের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা প্রদান করবে;

(স্বাক্ষর)



- ১.১৮ 'আর্মি ইন এইড টু সিভিল পাওয়ার' বিধানের আওতায় মাঠ পর্যায়ে কার্যকর টহল নিশ্চিত করার জন্য সশস্ত্র বাহিনী বিভাগ প্রয়োজনীয় সংখ্যক সেনা মোতায়েন করবে। জেলা ম্যাজিস্ট্রেট স্থানীয় সেনা কমান্ডারের সাথে যোগাযোগ করে বিষয়টি নিশ্চিত করবেন;
- ১.১৯ জেলা ম্যাজিস্ট্রেট জেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সমন্বয় সভা করে সেনাবাহিনী, বিজিবি, পুলিশ, র‍্যাব ও আনসার নিয়োগ ও টহলের অধিক্ষেত্র, পদ্ধতি ও সময় নির্ধারণ করবেন। সে সংক্ষেপে স্থানীয়ভাবে বিশেষ কোনো কার্যক্রমের প্রয়োজন হলে সে বিষয়ে পদক্ষেপ নিবেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ এ বিষয়ে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;
- ১.২০ জনপ্রশাসন মন্ত্রণালয় মাঠ পর্যায়ে প্রয়োজনীয় সংখ্যক নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে; এবং
- ১.২১ স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক তাঁর পক্ষে জেলা প্রশাসন ও পুলিশ বাহিনীকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করবেন।
- ০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ  
২। বিভাগীয় কমিশনার (সকল)

  
১০.০৬.২০২১  
(মোঃ রেজাউল ইসলাম)  
উপসচিব  
ফোন: ২২৩৩৮১১০৭  
ই-মেইল: faco\_sec@cabinet.gov.bd

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)
- ৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
- ৬। জেলা প্রশাসক (সকল)।
- ৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd  
রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা



## বিজ্ঞপ্তি

নম্বর-১৯১/সংস্থাপন

তারিখ-৩০/০৬/২০২১

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর সকল কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত লকডাউন বা ছুটিকালীন সময়ে ০১/০৭/২০২১ থেকে ০৭/০৭/২০২১ তারিখ পর্যন্ত অত্র অফিস বন্ধ থাকবে। তবে কর্মস্থল ত্যাগ (Station Leave) করা যাবে না।

চেয়ারম্যানের আদেশক্রমে

ড. মো: মোয়াজ্জেম হোসেন

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর-৫৮৬(৩৬)/৩য়-৪৩/সংস্থাপন

তারিখ-৩০/০৬/২০২১

### অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১-৭. সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/কলেজ পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শক/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (বিজ্ঞপ্তিটি অত্র বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য)/প্রধান মূল্যায়ন অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ড
- ৮-১৯. উপ-সচিব (প্রশাসন/ভান্ডার)/উপ-কলেজ পরিদর্শক/উপ-বিদ্যালয় পরিদর্শক/হিসাব রক্ষণ অফিসার/অডিট অফিসার/উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(জে.এস.সি/এস.এস.সি/এইচ.এস.সি/ সনদ ও রেকর্ডস/স্ট্রীপ্ট)/ক্রীড়া অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ড
- ২০-৩২. সহকারী সচিব/সহকারী কলেজ পরিদর্শক/সহকারী বিদ্যালয় পরিদর্শক/সহকারী হিসাব রক্ষণ অফিসার/সহকারী অডিট অফিসার/সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক/সহকারী গ্রন্থাগারিক কাম-ক্যাটালগার/সহকারী ক্রীড়া অফিসার/সহকারী মূল্যায়ন অফিসার/গণসংযোগ অফিসার/একান্ত সচিব/প্রশাসনিক কর্মকর্তা/ডাটা এন্ট্রি কম্পিউটার অপারেটর, রাজশাহী শিক্ষা বোর্ড
৩৩. শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সকল, রাজশাহী শিক্ষা বোর্ড
৩৪. নোটিশ বোর্ড
৩৫. নোটিশ জারী
৩৬. অফিস নথি

উপ-সচিব (প্রশাসন)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী